

নম্বরঃ ৩২.০১.৮৫০৩.০০০.১১.০০২.১৯- ০৬

তারিখ- ০২.০২.২০২২ খ্রি।

নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তরধীন “কিশোর কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের অধীনে দৈনিক ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ী ভাবে প্রকল্পের মেয়াদ কালীন সময়ে নিম্নোক্ত পদসমূহে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী প্রার্থী হিসেবে বদরগঞ্জ উপজেলার স্থায়ী নাগরিকদের নিকট থেকে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম বেতন/সাকুল্য বেতন	পদের সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
১	সংগীত শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- টাকা (সপ্তাহে এক দিন)	২টি (দুই)	এসএসসি পাশ এবং সংগীত বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী/সংগীত শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমীতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলীঃ

- প্রার্থীকে আগামী ২৫.০১.২০২৩ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার বরাবরে লিখিতভাবে আবেদন করতে হবে।
- উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত আবৃত্তি ও সংগীত বিষয়ক শিক্ষক এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সমন্বয়ে গঠিত উপজেলা প্যানেল কমিটি সংশ্লিষ্ট ক্লাবের গুণ্য পদের বিপরীতে আবেদনকৃত যোগ্য প্রার্থীদের মধ্য হতে মেধাক্রম অনুযায়ী ০৩ (তিন) জনের প্যানেল প্রস্তুত করবে।
- সংগীত শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- সরকার নির্ধারিত কোটায় (শহীদ মুক্তিযোদ্ধা বা মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সন্তানদের সন্তান/এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধি, উপজাতি, আনছার ভিডিপি) প্রার্থীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিষয়ে সর্বশেষ সরকারী সিদ্ধান্ত প্রযোজ্য হবে।
- আগামী ২৫.০১.২০২৩ তারিখে সংশ্লিষ্ট পদের প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা, পুত্র কন্যার পুত্র-কন্যা, প্রতিবন্ধি ও অন্যান্য প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীদের বয়স শিথিলযোগ্য। এছাড়াও নির্ধারিত বয়স সীমার মধ্যে কোনো যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের বয়স শিথিল যোগ্য।
- আবেদন পত্রের সহিত প্রার্থীর সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- আবেদন পত্রের খামের উপর ডান পার্শ্বে পদের নাম, বিশেষ কোটা থাকলে উল্লেখ করতে হবে এবং নিজ ঠিকানা সম্বলিত ফেরৎ খাম দিতে হবে।
- আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ জমা দিতে হবে। সকল সনদপত্র ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামাঙ্কিত সীলসহ সত্যায়িত করে দাখিল করতে হবে।
- নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোনো আবেদনপত্র এবং অসম্পূর্ণ/ক্রটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাসবৃদ্ধি বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগের যে কোনো প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

আবু সাঈদ
উপজেলা নির্বাহী অফিসার
বদরগঞ্জ, রংপুর।

নম্বরঃ ৩২.০১.৮৫০৩.০০০.১১.০০২.১৯- ০৬

তারিখ- ০২.০২.২০২২ খ্রি।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। প্রকল্প পরিচালক, “কিশোর কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রংপুর।

অনুলিপি বহুল প্রচারার্থেঃ

৩। নোটিশ বোর্ড, অফিস/ইউনিয়ন পরিষদ ইউনিয়ন, বদরগঞ্জ, রংপুর।

৪। অফিসকপি।

সাবরিনা লাকী
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
বদরগঞ্জ, রংপুর।
email: dwabadarganj@gmail.com